# তোমার অধিকারগুলি জানো



## তোমার বয়স যদি ১৮ এর কম হয় এবং যদি কেউ :

- এমনভাবে তোমার শরীর স্পর্শ করেছে বা তোমাকে তার শরীর স্পর্শ করতে বলেছে, যা তোমার জন্য অস্বস্তিকর ও লজ্জাজনক।
- অথবা তোমার সাথে যৌন ইঙ্গিতপূর্ণ কথাবার্তা বলেছে।
- তোমাকে অনুর্দ্ধ ১৮ বা প্রাপ্তবয়স্ক কোন ব্যক্তির সাথে যৌনক্রিয়ায় লিপ্ত হওয়া বা তাতে অংশগ্রহণ করতে বলপ্রয়োগ করে, হুমকি দিয়ে, উদ্দেশ্যমূলকভাবে বাধ্য করেছে।
- তোমার উলঙ্গ অবস্থার বা যৌনক্রিয়ায় লিপ্ত থাকা অবস্থার কোন ছবি তুলেছে, অডিও / ভিডিও রেকর্ডিং করেছে, অথবা তোমাকে কোন যৌন ক্রিয়া বা তার ছবি / রেকর্ডিং শুনতে বা দেখতে বলেছে বা দেখিয়েছে।
- তোমাকে তোমার বাড়ি থেকে, দেশে বা দেশের বাইরে অন্য কোন জায়গায় নিয়ে গিয়ে, বলপ্রয়োগ করে, হুমকি দিয়ে বা উদ্দেশ্যমূলকভাবে, যৌন ক্রিয়ায় অংশগ্রহণ করতে বাধ্য করেছে।
- যদি এই ধরনের কোন কাজের বদলে তুমি কোন অর্থ, উপহার বা বিশেষ সুবিধা পাওয়া নির্বিশেষে, তোমাকে এই কাজ করানো হয়।
- তোমার পরিবারের কোন সদস্য, বন্ধু, প্রতিবেশী, বিশেষ বন্ধু (নারী) অথবা সম্পূর্ণ অপরিচিত কোন ব্যক্তি যদি সরাসরি অথবা ইন্টারনেটের মাধ্যমে, এই প্রক্রিয়ায় যুক্ত থাকেন।

**এর অর্থ হল তুমি যৌন-শোষণ ও নিগ্রহের শিকার। ঐ যৌন-শোষণ / নিগ্রহ আন্তর্জাতিক আইনে শাস্তিযোগ্য অপরাধ। তোমার উপর এই শোষণ / নিগ্রহ কেউ করতে পারে না। যৌন শোষণ ও নিগ্রহের হাত থেকে সুরক্ষিত থাকা তোমার অধিকার।**

তোমার উপরে যা ঘটেছে, তার জন্য তোমাকে কেউ কখনো দোষারোপ করতে পারে না, কারণ এক্ষেত্রে তোমার কোন দোষ নেই।

অন্য সকলের মতো তোমারও 'অধিকার' আছে আনন্দে, নিরোগ দেহে, সুরক্ষিত হয়ে বেঁচে থাকা তোমার অধিকার। প্রাপ্তবয়স্করা যথা তোমার অভিভাবকরা, শিক্ষকরা এবং সরকার তোমার এই অধিকারগুলি সুনিশ্চিত করার জন্য সুযোগপেতে তোমাকে সাহায্য করবেন। এই পোস্টারটিতে আন্তর্জাতিক চুক্তিগুলি যথা 'ইউনাইটেড নেশনস কনভেনশন অন দ্য রাইটস অফ দ্য চাইল্ড', সেটির 'অপশনল প্রটোকল অন দ্য সেল অফ চিলড্রেন, চাইল্ড প্রস্টিটিউশন এ্যান্ড চাইল্ড পর্নোগ্রাফী' ইত্যাদির মাধ্যমে স্বীকৃত, তোমার মতো শিশুরাই এই পোস্টারটি নির্মাণে সাহায্য করেছে, যাতে তোমরা তোমাদের প্রাপ্য সুরক্ষা ও যত্নের অধিকারগুলি সম্পর্কে সহজে বুঝতে পারো।

উল্লিখিত কনভেনশনে গৃহীত 'শিশু অধিকারগুলি' মূলতঃ চারটি নীতি অনুসারী ঃ-

- **বৈষম্যের হাত থেকে সুরক্ষিত থাকা তোমার অধিকার**
  তুমি যেই হওনা কেন, যেখানকারই নিবাসী হও না কেন, তুমি যাকেই ভালোবাসো না কেন, শিক্ষক, সমাজ-কর্মী, পুলিশ, আধিকারিক এবং সংশ্লিষ্ট সকলের দায়িত্ব হবে তোমার সাথে যথাযথ ব্যবহার করা এবং তোমার সমস্ত অধিকার সুরক্ষিত রাখা ও সুনিশ্চিত রাখায় সচেষ্ট হওয়া।
- **তোমার 'সর্বোত্তম স্বার্থগুলি' অগ্রাধিকার পাবে - এটিও তোমার অধিকার**
  তোমাকে প্রভাবিত করবে এমন কোন কাজ বা সিদ্ধান্ত, তোমার 'সর্বোত্তম স্বার্থের' কথা মাথায় রেখে করতে ও নিতে হবে।
- **জীবন-যাপন ও উন্নয়নের অধিকারও তোমার স্বীকৃত অধিকার**
  স্বাস্থ্যকর ও সুরক্ষিত পরিবেশে বেড়ে ওঠাও তোমার অধিকার। প্রাপ্তবয়স্করা তোমাকে এই অধিকার অর্জনে সহযোগিতা করবেন।
- **শুনানির সুযোগ পাওয়া এবং তোমার ভবিষ্যৎ সম্পর্কে কোন সিদ্ধান্তে মতামত দেওয়াও তোমার অধিকার**
  যখন প্রাপ্তবয়স্করা তোমার ভবিষ্যৎ সম্পর্কে কোন সিদ্ধান্ত নিচ্ছেন, তখন তুমি বিনা দ্বিধায় তোমার মতামত জানাতে পারো, তোমার মতামতগুলি যথাযথ গুরুত্ব দিয়ে শোনা এবং বিবেচনা করা হবে।

## যৌন নিগ্রহ ও শোষণের শিকার শিশুদের বিশেষ অধিকারগুলি হল :

### ১ ঘটনাটি সম্পর্কে অভিযোগ দায়ের করা তোমার স্বীকৃত অধিকার।

তোমার উপর কি ঘটেছে বা ঘটে চলেছে সে বিষয়ে কোন বিশ্বস্ত ব্যক্তি, সংগঠন বা পুলিশকে জানাতে, লজ্জা বা ভয় পাবে না। বিশ্বস্ত ব্যক্তি হচ্ছে তিনি, যাঁর আচরণে তুমি কোনদিন মানসিক বা শারীরিকভাবে আহত হওনি। ঐ ব্যক্তি পরিবারের কোনও সদস্য, বন্ধু, শিক্ষক, উকিল, ডাক্তার বা সমাজকর্মী হতে পারেন। তুমি যদি কোনও বিশ্বস্ত ব্যক্তি বা সংগঠনকে ঘটনার কথা জানাও, তাহলে তাঁকে হয়তো বিষয়টি পুলিশকে জানাতে হতে পারে।

### ২ তোমার সুরক্ষিত থাকার অধিকার

তোমার সুরক্ষিত থাকার অধিকারের আওতায় যৌন নিগ্রহ ও শোষণের পরিস্থিতি থেকে উদ্ধার হওয়ার অধিকারও অন্তর্ভুক্ত। অপরাধ রোধ করা ও চিহ্নিত করার দায়িত্ব পুলিশের, তোমাকে বিপন্ন অবস্থা এবং বিপজ্জনক ব্যক্তিদের আওতা থেকে উদ্ধার করা ও নিরাপদ দূরত্বে রাখার দায়িত্বও তাদের। পুলিশ অনেক সময়ে সমাজ-কর্মী, ডাক্তার ও অন্যান্য ব্যক্তিদের সহযোগিতা নিয়ে তোমাকে সহায়তা দেওয়া ও তোমার আশু প্রয়োজনগুলি মেটানো সুনিশ্চিত করার উদ্দেশ্যে কাজ করবে।

### ৩ যে ব্যক্তিরা তোমার শারীরিক / মানসিক আঘাতের জন্য দায়ী, তাঁদের বিরুদ্ধে ফৌজদারি আইনে অভিযোগ করা তোমার স্বীকৃত অধিকার

নিগ্রহকারী ব্যক্তির বিরুদ্ধে প্রথাগত অভিযোগ করার সিদ্ধান্ত নেওয়ার অধিকারও তোমার। তুমি অভিযোগ করলে পুলিশের তদন্ত করা উচিত। তারা উকিল, বিচারক এদের সহযোগিতা নিয়ে, তোমার অভিযোগের পরিপ্রেক্ষিতে দ্রুত ব্যবস্থা নেবে, তবে এই প্রক্রিয়া অনেক সময়ে দীর্ঘ ও ক্লান্তিকর হতে পারে। এই প্রক্রিয়ার শেষে অভিযুক্তরা অপরাধী সাব্যস্ত হলে তাদের শাস্তি হওয়া উচিত।

### ৪ আইনি বিচার প্রক্রিয়ায় অংশগ্রহণের সময়ে বিশেষ ব্যবহার পাওয়াও তোমার স্বীকৃত অধিকার

আইনি বিচার প্রক্রিয়ায় তোমার ভূমিকা গুরুত্বপূর্ণ। তোমার উপর ঘটে যাওয়া নিগ্রহ বা শোষণের বিবরণটি তোমাকে হয়তো একাধিকবার বলতে হবে এবং প্রয়োজনে তোমাকে আদালতে যেতে হবে। কাজটি কঠিন, কিন্তু এই প্রক্রিয়ায় অংশগ্রহণের কারণে তোমার কোন ক্ষতি হবে না। আইনি বিচার প্রক্রিয়া চলাকালীন, তোমাকে এমন কিছু করতে বলা হল যাতে তোমার ভয় পাওয়ার বা মন খারাপ হওয়ার কারণ ঘটল, সেক্ষেত্রে তোমাকে তা জানাতে হবে, কারণ এ-ক্ষেত্রে তোমাকে বিশেষ সহায়তা প্রদানের সুবিধা আছে।

### ৫ আইনি বিচার প্রক্রিয়ায় অতি সহজভাবে তোমাকে সাহায্য করা তোমার স্বীকৃত অধিকার

আইনি বিচার প্রক্রিয়া চলাকালীন, তোমার হয়তো আইনি পরামর্শ, অনুবাদ বা শুধুমাত্র এই প্রক্রিয়া কিভাবে কাজ করে, সে বিষয়ে বিশদ জানা প্রয়োজন হবে। এই ধরনের সহযোগিতা তুমি কখনো কখনো বিনা খরচে হাসপাতালে, থানায়, সরকারি উকিলের দপ্তরে, আদালতে বা কোন সমাজকর্মীর কাছ থেকে পেতে পারো। এছাড়াও গ্রামে-শহরে এরকম অনেক সংগঠন আছে যারা আইনি-সহায়তা দেয় বা শিশু-অধিকার সুনিশ্চিত করার উদ্দেশ্যে কাজ করে, তারাও তোমাকে প্রয়োজনীয় সাহায্য করতে পারে।

### ৬ আইনি বিচার প্রক্রিয়া চলাকালীন সুরক্ষিত থাকাও তোমার অধিকার

আইনি বিচার প্রক্রিয়া চলাকালীন তোমার ও তোমার পরিবারের অন্যান্য সদস্যদের হুমকি বা নিগ্রহের হাত থেকে সুরক্ষিত থাকাও তোমাদের অধিকার। কেউই তোমাকে তোমার দেওয়া জবানবন্দী বদলাতে বা প্রত্যাহার করে নিতে বাধ্য করতে পারে না।

### ৭ আইনি বিচার প্রক্রিয়া চলাকালীন তোমার গোপনীয়তার মর্যাদা রক্ষা হওয়া তোমার অধিকার

পুলিশ, সরকারি উকিল, বিচারক ও অন্যান্য সংশ্লিষ্ট ব্যক্তিরা, তোমার সম্পর্কে কোন তথ্য (যথা নাম, ঠিকানা, ছবি) যার মাধ্যমে তুমি চিহ্নিত হয়ে যেতে পারো, সেগুলি যাতে প্রকাশিত না হয়ে পড়ে তা সুনিশ্চিত করবেন।

### ৮ আইনি-বিচার প্রক্রিয়া শুরু হওয়ার আগে, চলাকালীন ও তার পরেও প্রয়োজনীয় চিকিৎসা ও সামাজিক পরিষেবা, যা তোমাকে পরিস্থিতির সাথে মানিয়ে নিতে ও সুস্থ হয়ে উঠতে সাহায্য করবে, যতক্ষণ না তুমি স্বাভাবিক অবস্থায় ফিরে আসছো, তোমার অধিকার

সাধারণ প্রয়োজনীয় পরিষেবা, যথা খাদ্য, পোষাক ও আশ্রয় পাওয়া, তোমার অধিকার। এছাড়া প্রথাগত পড়াশুনার সুযোগ পাওয়া বা চালিয়ে যাওয়া এবং অন্যান্য যত্ন ও সহায়তা, যথা শারীরিক ও মানসিক চিকিৎসা পরিষেবা পাওয়াও তোমার অধিকার। এই পরিষেবা পাওয়া, ফৌজদারি অভিযোগ নথিভুক্ত হয়েছে কিনা তার উপর নির্ভর করবে না।

### ৯ আইনি বিচার প্রক্রিয়ার সংশ্লিষ্ট সমস্ত তথ্য পাওয়া তোমার অধিকার

তুমি অভিযোগটি করার পর কি কি প্রক্রিয়া চলছে, তা জানা তোমার অধিকার। তুমি যে ভাষা বুঝতে পারো, সেই ভাষাতেই সমস্ত তথ্য তোমাকে জানানো উচিত। যে কোন সময়ে প্রশ্ন করার অধিকারও তোমার আছে।

### ১০ তোমার যে ক্ষতি হয়েছে, সে জন্য ক্ষতিপূরণ দাবি করাও তোমার অধিকার

যে ব্যক্তি / ব্যক্তিরা তোমার ক্ষতি করেছে, তাদের বিরুদ্ধে ক্ষতিপূরণের দাবি করে তুমি আইনি বিচার প্রক্রিয়া চালু করতে পারো, এই ক্ষতিপূরণ অর্থ ও অন্যান্য সুযোগ সুবিধাও হতে পারে। এছাড়া তুমি সুস্থ হওয়ার জন্য যে সমস্ত পরিষেবা পেয়েছো, যথা মানসিক ও শারীরিক চিকিৎসা পরিষেবা, সেগুলির জন্য যা খরচ হয়েছে তা সরকারের কাছ থেকে দাবি করতে পারো।

এই পোস্টারটি পড়া তোমার জন্য জরুরি কারণ তোমার অধিকারগুলি সম্পর্কে বিস্তারিত জানাও তোমার অধিকার। এরকম অনেক ব্যক্তি তথা সংগঠন যথা সমাজসেবামূলক, এনজিও ও হেল্পলাইন আছে যাঁরা তোমাকে সহায়তা দেবেন ও সুরক্ষিত রাখবেন।

যদি তুমি বা তোমার পরিচিত কেউ বিপদে পড়ে এবং তুমি বুঝতে না পারো, তোমার কি করা উচিৎ, সেক্ষেত্রে তুমি তোমার জাতীয় হেল্প লাইন নম্বরে ফোন করো। এই পরিষেবা প্রদানকারীরা বলবেন, তোমাকে কারা সাহায্য করতে পারবেন।

তোমার দেশে কারা তোমাকে সাহায্য করতে পারবেন, তাদের চিহ্নিত করো : www.ecpat.org/where-we-work
তোমার দেশের জাতীয় হেল্পলাইন নম্বর চিহ্নিত করো : www.childhelplineinternational.org / where-we-work

ecpat

*এই পোস্টারটি সুইডিশ ইন্টারন্যাশানাল ডেভেলপম্যান্ট কর্পোরেশন এজেন্সি (এস আই ডি এ)র অর্থানুকূল্যে নির্মিত ও মুদ্রিত হয়েছে।

**সাহায্যের জন্য ফোন করো :চাইল্ড লাইন 1098**